

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৮২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আরবরা তাদের ভাষায় সাজদার ক্ষেত্রে রাকা'আত শব্দ ব্যবহার করে মর্মে বর্ণনা

ذكر البيان بأن العرب تطلق في لغتها اسْمَ الرَّكْعَةِ عَلَى السَّجْدَةِ

## আরবী

1582 \_ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى حَدَّثَنَا ابْنُ وَهْبِ أَخْبَرَنِي يُونُسُ عَنِ ابْنِ شِهَابٍ أَنَّ عُرْوَةَ بْنَ الزُّبَيْرِ حَدَّتُهُ عَنْ عَائِشَةَ قَالَتْ: قَالَ رَسُولُ الثَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ أَدْرَكَ مِنَ الْعَصْرِ سَجْدَةً قَبْلَ أَنٌ تَغْرُبَ الشَّمْسُ أَقْ مِنَ الصَّبْحِ قَبْلَ أَنْ تَغْرُبَ الشَّمْسُ أَقْ مِنَ الصَّبْحِ قَبْلَ أَنْ تَطْلُعَ الشَّمْسُ فقد أدركها) والسجدة إنما هي الركعة.

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

## বাংলা

১৫৮২. আয়িশা রাদ্যাল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যে ব্যক্তি সূর্য অস্ত যাওয়ার আগে আসরের এক সাজদা পায়, অথবা যে ব্যক্তি সূর্য উদয়ের আগে এক সাজদা পায়, সে ব্যক্তি ঐ সালাত পেয়ে যায়।"[1] এখানে সাজদা দ্বারা উদ্দেশ্য হলো রাকা'আত।

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৬০৯; ইবনু মাজাহ: ৭০০; সুনান বাইহাকী: ১/৩৭৮; আবূ আওয়ানা: ১/৩৭২; তাহাবী: ১/১৫১; মুসনাদ আহমাদ: ৬/৭৮; নাসাঈ: ১/২৭৩; ইবনুল জারূদ: ১৫৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ২৫২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন